আজকের কাগজ


...রিখ ... 28 DEC 1991
পৃষ্ঠা... 6 ... ... 2... ...


44

## পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে ঢাকা-টাঙ্গাইল সড়ক অবরোধ

সাদত বিশ্ববিদ্যালয় কলেজে মাস্টার্স ও অনার্স পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে ছাত্ররা অনির্দিষ্ট-কালের জন্যে টাঙ্গাইল-ঢাকা সড়ক অবরোধ করে রেখেছে। ফলে গতকাল বিকেল থেকে ঐ সড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

গত ২৪ ডিসেম্বর অনুষ্ঠিত মাস্টার্স পরীক্ষায় দুর্নীতি হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঐ পরীক্ষা এবং কেন্দ্র বাতিলের সিদ্ধান্ত নেয়। ঐ সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী পরীক্ষাসমূহ টাঙ্গাইল শহরের সরকারি কুমুদিনী কলেজে অনুষ্ঠিত হবে।

অবরোধ তুলে নেয়ার ব্যাপারে গতরাত পর্যন্ত স্থানীয় প্রশাসনের কোনো উদ্যোগ লক্ষ্য করা যায়নি। খবর জেলা প্রতিনিধির।